



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯

০৩ জুলাই ২০২২

বিষয়: আগামী ২০২২-২৩ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প অনুমোদন।

সূত্র: জেলা পরিষদ, পটুয়াখালী এর স্মারক ৪৬.১০.৭৮০০.০০১.২২-২৪৩, তারিখ: ২৯ মে ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে আগামী ২০২২-২৩ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিল এর অর্থায়নে নিম্নবর্ণিত প্রকল্প অনুমোদনের জন্য অনুরোধ জানানো হয়েছে:

ক্রমিক	প্রকল্পের নাম	প্রাক্তিক ব্যয়
১.	পটুয়াখালী লেডিস ক্লাবের ঘর সংস্কার	১০.০০ (দশ) লক্ষ টাকা

১। পত্রে উল্লেখ করা হয়েছে, আগামী অর্থবছরের জেলা পরিষদের রাজস্ব বাজেটের বাধ্যতামূলক কার্যাবলীর খাত হতে উক্ত অর্থ সমন্বয় করা হবে। কিন্তু, আগামী ২০২২-২৩ অর্থবছরে পটুয়াখালী জেলা পরিষদের বাজেট অনুমোদনের কপি পত্রের সাথে প্রেরণ করা হয়নি। এছাড়া, পরবর্তী অর্থবছরের রাজস্ব খাত হতে সমন্বয়ের শর্তে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রকল্প অনুমোদনের কোন নজির নেই।

৩। এমতাবস্থায়, পটুয়াখালী জেলা পরিষদে ২০২২-২৩ অর্থবছরের বাজেট অনুমোদনের পর জেলা পরিষদ উন্নয়ন সমন্বয় কমিটির সুপারিশসহ উক্ত প্রকল্প প্রস্তাব পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৭-২০২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্রিকী

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী

স্মারক নম্বর: ৪৬.০০.৭৮০০.০৮২.১৪.১১৭.১৭.১৩১০/১(৫)

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯

০৩ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

৩-৭-২০২২

মোহাম্মদ তানভীর আজম ছিদ্রিকী

উপসচিব